

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ  
(পঞ্চায়েত শাখা)  
জেশপ বিল্ডিং  
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৭০০০০১

নং : ২৯৭৫/পি.এন/ও/এক/১এ-১/০৪ (অংশ-২)।

তাং : ২১/০৭/০৮

আদেশনামা

যেহেতু পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (পশ্চিমবঙ্গ আইন, ১৯৭৩ - এর ৪১ আইন) - এর ১৬ক ধারার (৬) উপধারার (গ) দফা অনুযায়ী রাজ্যের প্রতিটি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত গ্রাম সংসদের সীমার মধ্যে একটি গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হওয়া বাধ্যতামূলক ;

এবং যেহেতু সপ্তম সাধারণ পঞ্চায়েত নির্বাচনোত্তর গ্রাম পঞ্চায়েত নবগঠিত হওয়ার পর পূর্বগঠিত গ্রাম উন্নয়ন সমিতিগুলির মেয়াদ শেষ হয়ে গেছে ও নতুন ভাবে গ্রাম উন্নয়ন সমিতি গঠন করতে হবে ।

অতএব, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (পশ্চিমবঙ্গ আইন, ১৯৭৩ - এর ৪১ আইন) - এর ২১২ ধারা বলে রাজ্যপাল এই মর্মে আদেশ প্রদান করছেন যে --

১) গ্রাম উন্নয়ন সমিতি গঠন করার লক্ষ্যে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত একটি বিশেষ গ্রাম সংসদ সভা আহ্বান করবে ।

২) আগামী ১লা আগষ্ট, ২০০৮ থেকে ৩১শে আগষ্ট, ২০০৮ তারিখের মধ্যে বিশেষ গ্রাম সংসদ সভা আহ্বান করে নির্দিষ্ট নিয়ম পদ্ধতি অনুযায়ী গ্রাম উন্নয়ন সমিতি গঠনের জন্য নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে ।

৩) নির্বাচনের নিয়ম ও পদ্ধতি বিস্তারিত ভাবে এই বিভাগ কতৃক প্রকাশিত ও প্রচারিত আদেশনামা নং ১১০/পি.এন/ও/এক তাং ৭/১/২০০৫ ও গ্রাম উন্নয়ন সমিতির হাত বই'তে লিপিবদ্ধ আছে । ঐ নিয়ম ও পদ্ধতি অনুসরণের জন্য সংশ্লিষ্ট আদেশনামার সাথে সংযুক্ত করা হলো ।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বাঃ- মানবেন্দ্র নাথ রায়  
প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

নং : ২৯৭৫/১ (৫০০)/পি.এন/ও/এক/১এ-১/০৪ (অংশ-২)।

তাং : ২১/০৭/০৮

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রতিলিপি প্রেরিত হ'ল ---

- ১) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ ।
- ২) জেলাশাসক, ..... জেলা ।
- ৩) মহকুমা শাসক ..... মহকুমা ।
- ৪) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, ..... জেলা ।
- ৫) ব্লক উন্নয়ন আধিকারিক ..... ব্লক ..... জেলা ।

আদেশনামার বিষয়বস্তু সংশ্লিষ্ট ব্লকের অন্তর্গত গ্রাম পঞ্চায়েতের প্রধানগনকে অবহিত করতে অনুরোধ করা হল । আগামী ৩১শে আগস্ট, ২০০৮ তারিখের মধ্যে তাঁর ব্লকের গ্রাম পঞ্চায়েত গুলিতে গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হওয়ার ক্ষেত্রে অগ্রগতি কী রূপ তা জানাতে অনুরোধ করা হ'ল ।

বিশেষ সচিব  
পশ্চিমবঙ্গ সরকার